# নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন -২০২০

## শ্রেণি - দশম

বিষয় কোড-১৫০

## বিষয় -বাংলাদেশ ও বিশ্বপরিচয় (সৃজনশীল)

সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমানঃ ৭০

১। ১৯৯৯ সালের ১৭ই নভেম্বর ইউনেস্কোর একটি সভায় ফেব্রুয়ারি মাসের একটি দিনকে একটি বিশেষ আন্তর্জাতিক দিবস হিসেবে পালনের ঘোষণা দেয়া হয়।

ক) বাঙালি জাতীয়তাবাদ কি? ১

খ) মৌলিক গণতন্ত্র বলতে কি বুঝায়? ২

গ) উদ্দীপকের তথ্য বাংলাদেশের কোন আন্দোলনের সাথে জড়িত ? ব্যাখ্যা কর। ৩

ঘ) বাঙালি জাতীয়তাবাদের বিকাশে উক্ত আন্দোলন সকলকে ঐক্যবদ্ধ করে – বিশ্লেষণ কর। ৪

২। জনাব আসলাম সাহেব স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের একজন শিল্পী ছিলেন। উক্ত বেতার কেন্দ্রের অনুষ্ঠান সাধারণ মানুষকে মুক্তিযুদ্ধে অনুপ্রাণিত করে। অন্যদিকে জনাব আসলাম সাহেবের স্ত্রী অন্যান্য নারীদের নিয়ে আহত মুক্তিযোদ্ধাদের সেবা করতেন এবং নিজ বাড়িতে আশ্রয় দিতেন।

ক. গণযুদ্ধ কী? ১

খ. 'দ্বিতীয় বিপ্লব' কর্মসূচী ব্যাখ্যা কর। ২

গ. জনাব আসলাম সাহেব যে মাধ্যমে কাজ করতেন মুক্তিযুদ্ধে উক্ত মাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ.স্বাধীনতা অর্জন তরান্বিত করার ক্ষেত্রে আসলাম সাহেবের স্ত্রীর মত নারীদের ভূমিকা ছিল তাৎপর্যপূর্ণ ৪
তোমার পঠিত বিষয়বস্তুর আলোকে যুক্তি উপস্থাপন কর।

৩। বাংলাদেশ আনবিক শক্তি কমিশন এর উদ্যোগে প্রদর্শিত বিশ্বজগৎ সম্পর্কে একটি প্রামাণ্য চিত্রে দেখা গেলো, উজ্জ্বল একটি নক্ষত্র সৌরজগতের সকল গ্রহ ও উপগ্রহের নিয়ন্ত্রণ করছে। এর উপরিভাগের উষ্ণতা ৫৭,০০০ ডিগ্রি সেলসিয়াস। এর কঠিন বা তরল পদার্থ নেই।

ক. সৌরবছর কী ? ১

খ. তিনটি বলয় সম্পন্ন গ্রহটির বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকের নক্ষত্রের সাথে পাঠ্যবইয়ের যে নক্ষত্রের মিল পাওয়া যায় তার ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর এ ধরনের একটি নক্ষত্রের দ্বারাই পৃথিবীর জীবজগতের সকল প্রয়োজন মেটে? ৪
পাঠ্যবইয়ের আলোকে মতামত দাও।

৪। দৃশ্যপট ১ - ভিত্তিশিলাচ্যুতি বা ফাটল বরাবর আকস্মিক ভূআলোড়ন হয় আবার ভূ আলোড়নের ফলে ভূত্বকের শিলাচ্যুতি ঘটে।

দৃশ্যপট ২ - জলবায়ু পরিবর্তনের ফলে এদেশের মানুষের জীবন-জীবিকায় নানা পরিবর্তন ঘটে

ক) টিলা কি ? ১

খ) সিসমিক রিস্ক জোন ব্যাখ্যা কর । ২

গ) দৃশ্যপট ১ এ প্রদত্ত তথ্য যে দুর্যোগটিকে ইঙ্গিত করে তার প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ) দৃশ্যপট ২ এর পরিবর্তন কি সবসময় ইতিবাচক? তোমার যৌক্তিক মতামত উপস্থাপন কর। ৪

৫। সামিয়া সুইজারল্যান্ড বেড়াতে গিয়ে সে দেশের বিভিন্ন স্থান ঘুরে দেখে। দেশটির কয়েকটি অঞ্চলে প্রত্যেক নাগরিক শাসন ব্যবস্থায় অংশগ্রহণ করে। তারা সবাই সরাসরি শাসন কাজে অংশগ্রহণ করে শাসন কাজ পরিচালনা করে।

ক. আব্রাহাম লিংকন প্রদত্ত গণতন্ত্রের সংজ্ঞাটি লেখ। ১

খ. গণতান্ত্রিক ব্যবস্থায় রাজনৈতিক দল কেন গুরুত্বপূর্ণ? ২

গ. সামিয়া সুইজারল্যান্ডে কোন ধরণের গণতন্ত্রের প্রতিফলন দেখেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সামিয়ার দেখা দেশটিতে বিদ্যমান গণতান্ত্রিক ব্যবস্থা আধুনিক বিশ্বের প্রচলিত গণতান্ত্রিক ব্যবস্থা থেকে ভিন্ন - যৌক্তিক মতামত উপস্থাপন কর। ৪

৬। লীগ অব নেশনস - এর বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষায় ব্যর্থতা এবং ১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের ভয়াবহতা শান্তিকামী দেশগুলোকে চরমভাবে আতঙ্কিত করে তোলে। এ প্রেক্ষাপটে ১৯৪৫ সালের ২৪ অক্টোবর একটি আন্তর্জাতিক সংস্থা জন্মলাভ করে। এর সদর দপ্তর নিউইয়র্কে এবং সদস্য দেশ ১৯৩টি।

ক. বিতর্ক সভা কী? ১

খ. মানব সভ্যতার ইতিহাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন সংস্থাকে নির্দেশ করা হয়েছে? উক্ত সংস্থা গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষায় উদ্দীপকে উল্লেখিত সংস্থার অবদান বিশ্লেষণ কর। ৪

৭। বিশ্বের সার্বিক ও সর্বজনীন কল্যাণ সাধনের উদ্দেশ্যে ২০১৫ সালে জাতিসংঘ একগুচ্ছ লক্ষ্যমাত্রা ঘোষণা করে। ২০১৬ থেকে ২০৩০ সাল মেয়াদি এ ঘোষণায় ১৭টি লক্ষ্যমাত্রা রয়েছে। এ লক্ষ্য অর্জনে বিশ্বের সব দেশ একযোগে কাজ করে যাচ্ছে। বাংলাদেশও এর বাইরে নয়।

ক. অংশীজন কী ? ১

খ টেকসই উন্নয়ন কেন প্রয়োজন? ২

গ. উদ্দীপকের ইঙ্গিতকৃত বিষয়টি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়টি অর্জনে বাংলাদেশ কী ধরনের বাধাঁর সম্মুখীন হতে পারে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮।



চিত্র ক:বনভূমি



চিত্র খ:সেতু

ক) উপযোগ কী ? ১

খ) অপ্রাচুর্যতা ব্যাখ্যা কর। ২

গ) খ চিত্রের সম্পদটির উৎস উল্লেখ করে ব্যাখ্যা কর। ৩

ঘ) ক চিত্রের সম্পদটির পরিমান প্রতিবছর কমছে- উক্ত পরিস্থিতিতে করণীয় সম্পর্কে বিশ্লেষণ কর। ৪

৯। জনাব রকিব সাহেব বাংলাদেশের একটি গার্মেন্টস ফ্যাক্টরীর মালিক। তার কারখানার পোশাক সারা বিশ্বে রপ্তানী করা হয়। এতে তার প্রচুর মুনাফা হয়। এই মুনাফায় একদিকে যেমন রকিব সাহেব লাভবান হন অন্যদিকে দেশের অর্থনৈতিক উন্নয়নেও এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক) সেবা কী? ১

খ) 'মাথাপিছু আয়' বলতে কী বোঝায়? ২

গ) রকিব সাহেব এর আয় অর্থনীতির যে খাতের অন্তর্ভূক্ত সেই খাতের প্রকৃতি বর্ণনা কর। ৩

ঘ) বাংলাদেশে উক্ত খাতের কিছু প্রতিবন্ধকতা রয়েছে -বিশ্লেষণ কর। ৪

১০। রিমা ও জিসান এর বাবা- মা চাকুরিজীবী । ছুটির দিনে তারা সবাই মিলে বেড়াতে যায়। তাদের আচরণ সকলের কাছে প্রশংসনীয় । দুজনেই বিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী হিসাবে পরিচিত। পড়াশুনার অবসরে তারা পত্রিকা পড়ে, শিক্ষামূলক অনুষ্ঠান, নাটক ইত্যাদি দেখে ।

ক) অনুলোম বিবাহভিত্তিক পরিবার কি ? ১

খ)'মিথস্ক্রিয়া' ধারনাটি ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের প্রথম অংশটি সামাজিকীকরণের কোন প্রতিষ্ঠান কে নির্দেশ করে? ব্যাখ্যা কর । ৩

ঘ) উদ্দীপকের দ্বিতীয় অংশে উল্লেখিত বিষয়গুলোকে কেন্দ্র করে আধুনিক যুগের সংস্কৃতি গড়ে উঠেছে - বিশ্লেষণ কর ৪

১১। ৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখের সংবাদপত্র পড়ে লিমা খুবই ব্যথিত ও শঙ্কিত হল। সংবাদটি ছিল রংপুরে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে নিহত ৭, আহত ২২। পত্রিকাটিতে আরও প্রকাশিত হয় একই কারণে দেশের বিভিন্ন স্থানে ঐ দিনে নিহতের সংখ্যা ছিল ৮ এবং আহত প্রায় ৯০ জন ।

ক) নারীর প্রতি সহিংসতা কি ? ১

খ) সামাজিক নৈরাজ্য বলতে কি বোঝায় ? ২

গ) উদ্দীপকে যে বিষয়টি উল্লেখ করা হয়েছে সমাজ জীবনে তার প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত ঘটনা রোধে করণীয় সম্পর্কে তোমার যৌক্তিক মতামত উপস্থাপন কর। ৪